

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর
খন্দকার কমপ্লেক্স, জয়দেবপুর রোড, গাজীপুর
www.gazipurvat.gov.bd
[মুসক সুবিধা ও ভ্যাট অব্যাহতি মনিটরিং শাখা]

নথি নং-০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০৪০৫.২৬.

তারিখ: ১০.২০২৬ খ্রি:।

আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪৫-আইন/২০২৬/৩৫০-মুসক, তারিখ-০৭/০৬/২০২৬ খ্রিঃ অনুযায়ী ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি (বি আই এন-০০০৩৫৬৪২২-১২০৫; ঠিকানা:- চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর) নামীয় প্রতিষ্ঠানটি বাংলাদেশ হাই-টেক পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানে ব্যবহৃত গ্যাস মিটার (গ্যাস মিটার নং-১০৫২৭৭৬২ যার গ্রাহক সংকেত নং- ৮-৩৮-০০০৫৪৬-০০-০৭-৫ এবং গ্যাস মিটার নং-৮৩০৫৭৩৩৫ যার গ্রাহক সংকেত নং- ৩-৩৮-০০০৫৪৬-০০-০৭-৫) ও বিদ্যুৎ মিটার (বিদ্যুৎ মিটার নং-১৪০৪৪৯৬৮ যার গ্রাহক সংকেত নং-১০০ ১০৪ ৬৭০ ১১৩০ এবং বিদ্যুৎ মিটার নং-১৪০৪৪৯৬৮ যার গ্রাহক সংকেত নং-১০০ ১০৪ ৬৭০ ১১৪০) এবং যোগানদার সেবার উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মুসক) অব্যাহতি চেয়ে এ দপ্তরে আবেদন করে। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সমনথির পত্র নং-১৪৬১(১-৪), তারিখঃ ১৯.০৭.২০২৬ খ্রিঃ এর মাধ্যমে মিঃ সামিয়া নিশাত, সহকারী কমিশনার; জনাব মোঃ জাকির হোসেন, রাজস্ব কর্মকর্তা এবং জনাব শুভাশিস সিংহ, সহকারী রাজস্ব কর্মকর্তা এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ১৮.০৮.২০২৬ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে এবং ২২.০৯.২০২৬ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করে। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটি জুলাই/২৫ থেকে জুন/২৬ করমেয়াদ পর্যন্ত সময়ে মোট ৪১৮,০৪,৮৬,৩০০.০০/- (চারশত আঠারো কোটি চার লক্ষ ছিয়াশি হাজার তিনশত) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছেন যার মধ্যে উৎসে মুসক বাবদ মোট ২৬,৭৪,৭৭,৩০০.০০/- (ছাশিশ কোটি চূয়ান্তর লক্ষ সাতান্তর হাজার তিনশত) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করে। পরিশেষে তদন্ত দল উল্লেখিত টেবিলে বর্ণিত গ্যাস ও বিদ্যুৎ বিল এবং যোগানদার সেবার উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪৫-আইন/২০২৬/৩৫০-মুসক, তারিখ-০৭/০৬/২০২৬ খ্রিঃ মোতাবেক প্রতিষ্ঠানের উৎপাদন কাজে ব্যবহৃত গ্যাস মিটারদ্বয় ও বিদ্যুৎ মিটারদ্বয় এবং যোগানদার সেবার বিপরীতে নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে সুপারিশ প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি (বি আই এন-০০০৩৫৬৪২২-১২০৫; ঠিকানা:- চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর) নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত পণ্য/সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মুসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল

শিরোনামা সংখ্যা	সামগ্র্যস্বপূর্ণ নামকরণ কোড	পণ্য/সেবার বিবরণ	মিটার নম্বর	গ্রাহক সংকেত নম্বর	মূল্য সংযোজন কর (মুসক) অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
২৭.১১	২৭১১.২১.০০	প্রাকৃতিক গ্যাস	১০৫২৭৭৬২	৮-৩৮-০০০৫৪৬-০০-০৭-৫	১০০%
			৮৩০৫৭৩৩৫	৩-৩৮-০০০৫৪৬-০০-০৭-৫	
So৫৭	So৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	১৪০৪৪৯৬৬	১০০ ১০৪ ৬৭০ ১১৩০	১০০%
			১৪০৪৪৯৬৮	১০০ ১০৪ ৬৭০ ১১৪০	
So৩৭	So৩৭.০০	যোগানদার (পেট্রোলিয়াম দ্রব্যাদি ব্যতীত)	-	-	১০০%

৪। শর্তসমূহ

ক. মুসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মুসক দাখিলপত্রের (ফরম মুসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মুসক সংশ্লিষ্ট তথ্য যথাযথ পদ্ধতিতে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে;

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন;

গ. টেবিলে বর্ণিত পণ্য ও সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঘ. এ আদেশ জুলাই, ২০২৬ খ্রিঃ মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বাঃ-

একেএম নুরুল হুদা আজাদ

কমিশনার

ই-মেইল: cc.gazipurvat@nbr.gov.bd

নথি নং-০৮.০১.৩৩০০.০৩৭.০১২.০১.০৪০৫.২৬. ২৪৪২(১-১০)

তারিখ: ০৬.১০.২০২৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, স্কক রেয়াত ও প্রত্যাৰ্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।
- ২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, কালিয়াকৈর। এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪৫-আইন/২০২৬/৩৫০-মুসক, তারিখ-০৭/০৬/২০২৬ খ্রিঃ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি তথ্য বিবরণী সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য অনুরোধ করা হলো।
- ৩। দ্বিতীয় সচিব (মুসক বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ, প্রধান কার্যালয়, ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
- ৫। ম্যানেজার, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিমিটেড, (জোবিঅ), আন্তলিয়া।
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
- ৭। জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, কালিয়াকৈর জোনাল অফিস, গাজীপুর।
- ৮। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর (তাকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, কালিয়াকৈর সার্কেল....। তাকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, ওয়ালটন হাই-টেক ইন্ডাস্ট্রিজ পিএলসি (বি আই এন-০০০৩৫৬৪২২-১২০৫; ঠিকানা:- চন্দ্রা, কালিয়াকৈর, গাজীপুর)।


সামিয়া নিশাত

সহকারী কমিশনার।